

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothkurgaonsadar.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৭.০০২.১৯- ১১১৮

তারিখ : ২০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
৪ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ভূমি হস্তান্তর করের ১% অর্থ দ্বারা “মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ” নামক প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ০৪/০৮/২০১৯খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে মশক নিধন এবং মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গত ১৩ জুলাই ২০১৯ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় এবং জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ০৪/০৮/২০১৯খ্রি: তারিখের সভায় প্রতিটি ইউনিয়নে (ডবা, মজাপুকুর, বিভিন্ন জলাশয় বাড়ির আশপাশে পরিষ্কার পরিচ্ছন্নতা) “সারা দেশব্যাপী ন্যায় মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ” পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ঠাকুরগাঁও সদর উপজেলাধীন সকল ইউনিয়ন প্রতিটি ব্যক্তির বাড়ির আশপাশ, প্রতিষ্ঠানের আশপাশ, এবং ডবা, মজাপুকুর ইত্যাদি আগামী ০৭/০৮/২০১৯খ্রি: তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত একযোগে পরিচ্ছন্নতা অভিযান করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে তার ইউনিয়নের অনুকূলে প্রদানকৃত ভূমি হস্তান্তর করের ১% অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ পূর্বক মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, তার ইউনিয়নের অনুকূলে প্রদানকৃত ভূমি হস্তান্তর করের ১% অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ পূর্বক মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ আগামী ০৭/০৮/২০১৯খ্রি: তারিখ সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পালনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(আব্দুল্লাহ-আল-মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
ফোন-০৫৬১-৬১৫০০।

চেয়ারম্যান

.....ইউপি

ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। তাকে ইউনিয়ন পর্যায়ে গৃহীত প্রকল্প বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদানসহ প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৫। অফিস কপি।